

ত্রাল-ইসরা (বনী-ইসরাঈল) | Al-Isra (Bani-Israil) | اُلْاِسْرَاء (بَنِي إِسْرَائِيل)

আয়াতঃ ১৭:৫৮

💵 আরবি মূল আয়াত:

وَ إِن مِّن قَريَةٍ إِلَّا نَحنُ مُهلِكُوهَا قَبلَ يَومِ القِيمَةِ أَو مُعَذَّبُوهَا عَذَابًا شَدِيدًا اللهِ كَانَ ذَلِكَ فِي الكِتٰبِ مَسطُورًا ﴿٥٨﴾

আর এমন কোন জনপদ নেই, যা আমি কিয়ামতের দিনের পূর্বে ধ্বংস করব না অথবা যাকে কঠোর আযাব দেব না; এটা তো কিতাবে লিখিত আছে। — আল-বায়ান

এমন কোন জনবসতি নেই যাকে আমি কিয়ামাত দিনের পূর্বে ধ্বংস করব না কিংবা তাকে কঠিন শাস্তি দিব না, এটা (আল্লাহর) কিতাবে লিপিবদ্ধ আছে। — তাইসিরুল

এমন কোন জনপদ নেই যা আমি কিয়ামাত দিনের পূর্বে ধ্বংস করবনা অথবা কঠোর শাস্তি দিবনা; এটাতো কিতাবে লিপিবদ্ধ আছে। — মুজিবুর রহমান

And there is no city but that We will destroy it before the Day of Resurrection or punish it with a severe punishment. That has ever been in the Register inscribed. — Sahih International

৫৮. আর এমন কোন জনপদ নেই যা আমরা কিয়ামতের দিনের আগে ধ্বংস করব না অথবা যাকে কঠোর শাস্তি দেব না; এটা তো কিতাবে লিপিবদ্ধ আছে।(১)

১. কিতাব বলে এখানে 'লাওহে মাহফুজ' বুঝানো হয়েছে। [ইবন কাসীর] তাদের কর্মফলের কারণেই তাদের জন্য এ শান্তি লিপিবদ্ধ করা হয়েছে। আল্লাহ তা'আলা পূর্ববর্তী জাতি সমূহের ধ্বংসের ব্যাপারেও একই কথা বলেছেন। তিনি বলেছেন, "আর আমরা তাদের উপর যুলুম করিনি। বরং তারাই তাদের নিজেদের উপর যুলুম করেছে।" [সূরা হুদঃ ১০১] অন্য আয়াতে আরো স্পষ্ট করে বলা হয়েছে যে, "কত জনপদ তাদের প্রতিপালক ও তাঁর রাসূলগণের বিরুদ্ধাচরণ করেছিল। ফলে আমরা তাদের কাছ থেকে কঠোর হিসেব নিয়েছিলাম এবং তাদেরকে দিয়েছিলাম। কঠিন শান্তি। তারপর তারা তাদের কৃতকর্মের শান্তি আস্বাদন করল; ক্ষতিই হল তাদের কাজের পরিণাম।" [সূরা আত-তালাকঃ ৮, ৯]

তাফসীরে জাকারিয়া

(৫৮) এমন কোন জনপদ নেই, যা আমি কিয়ামতের দিনের পূর্বে ধ্বংস করব না অথবা যাকে কঠোর



শাস্তি দেব না; এটা তো কিতাবে লিপিবদ্ধ আছে। [1]

[1] 'কিতাব' বলতে লাওহে মাহফুযকে বুঝানো হয়েছে। অর্থ হল, আল্লাহর পক্ষ হতে এ কথা নির্ধারিত যা লাওহে মাহফূযে লিপিবদ্ধ যে, আমি কাফেরদের প্রত্যেক বস্তিকে মৃত্যুর মাধ্যমে ধ্বংস করব। আর 'জনপদ' বলতে জনপদবাসীরা উদ্দেশ্য। আর তাদের ধ্বংসের কারণ হবে তাদের কুফরী, শিরক, অত্যাচার ও সীমালজ্ঘন। আর সে ধ্বংস সাধিত হবে কিয়ামতের পূর্বেই। নচেৎ কিয়ামতের দিন তো নির্বিশেষে প্রত্যেক বস্তুই ধ্বংসের শিকার হবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/guran/link/?id=2087

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন